# সাপ্তাহিক ম্যাগাজিন

পশ্চিমবঙ্গের No. 1 জব নিউজ পোর্টাল exambangla.com -এর একটি উদ্যোগ।

09 নভেম্বর, 2025 • 87 তম সংস্করণ • চাকরির খবর • শিক্ষার খবর • কারেন্ট অ্যাফেয়ার্স

## ভারতীয় রেলে ৩,০৫৮ পদে ক্লার্ক ও টাইপিস্ট নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড (RRB) -এর পক্ষ থেকে নন-টেকনিক্যাল পপুলার ক্যাটাগরিতে (NTPC) ৫,৮১০টি পদে নিয়োগের এক গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। দেশের বিভিন্ন রেলওয়ে জোনে ট্র্যাফিক অ্যাসিস্ট্যান্ট, স্টেশন মাস্টার, গুডস ট্রেন ম্যানেজার এবং অ্যাকাউন্টস/ সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট সহ একাধিক গুরুত্বপূর্ণ পদে এই বিপুল সংখ্যক নিয়োগ করা হবে। আবেদনের জন্য প্রার্থীদের যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি থাকা আবশ্যক। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট এবং সিনিয়র ক্লার্ক পদের ক্ষেত্রে ইংরেজি/ হিন্দিতে টাইপিংয়ে দক্ষতা থাকা বাধ্যতামূলক। ১.১.২০২৬ তারিখ অনুযায়ী আবেদনকারীর বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। সরকারি নিয়ম অনুযায়ী সংরক্ষিত শ্রেণীর প্রার্থীরা বয়সে ছাড় পাবেন। নিযুক্ত প্রার্থীদের পদ অনুযায়ী বেতন হবে ২৫,৫০০ টাকা থেকে ৩৫,৪০০ টাকা। আগ্রহী ও যোগ্য প্রার্থীরা অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবেন। আবেদনের শেষ তারিখ ২০.১১.২০২৫। আবেদন করার জন্য প্রথমে প্রার্থীদের অফিসিয়াল RRB ওয়েবসাইট rrbchennai.gov.in -এ গিয়ে একটি অ্যাকাউন্ট তৈরি করতে হবে। আবেদন ফি হিসেবে এসসি/ এসটি/ পিডব্লিউবিডি এবং মহিলাদের জন্য ২৫০/- টাকা এবং অন্যান্য প্রার্থীদের জন্য ৫০০/- টাকা ধার্য করা হয়েছে। প্রার্থীদের দুটি কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, কম্পিউটার-ভিত্তিক অ্যাপ্টিটিউড টেস্ট এবং সবশেষে ডকুমেন্ট ভেরিফিকেশন ও মেডিক্যাল পরীক্ষার মাধ্যমে নিয়োগ করা হবে।

## টেরিটোরিয়াল আর্মিতে সৈনিক পদে নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** টেরিটোরিয়াল আর্মি সৈনিক পদে মোট ১,৫২৯টি শূন্যপদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এটি পুরুষ ও মহিলা উভয় প্রার্থীর জন্যই একটি বিশেষ সুযোগ। পদ অনুযায়ী যোগ্যতা ভিন্ন। সৈনিক (ট্রেডসম্যান - হাউসকিপার/ মেস কিপার) পদের জন্য কেবল অষ্টম শ্রেণী পাস হলেই আবেদন করা যাবে। অন্যান্য ট্রেডসম্যান পদের জন্য দশম শ্রেণী পাস, সাধারণ ডিউটি (GD) পদের জন্য দশম শ্রেণীতে ৪৫% নম্বর, এবং ক্লার্ক পদের জন্য দ্বাদশ শ্রেণীতে ৬০% নম্বর (ইংরেজি ও গণিতে ৫০% সহ) থাকা বাধ্যতামূলক। প্রার্থীর বয়স ১৮ থেকে ৪২ বছরের মধ্যে হতে হবে। শারীরিক যোগ্যতা (উচ্চতা পুরুষদের জন্য ন্যূনতম ১৬০ সেমি, মহিলাদের জন্য ১৫৭ সেমি) এবং সেনাবাহিনীর মেডিকেল স্ট্যান্ডার্ড অনুসরণ করা হবে। ট্রেড টেস্ট, ফিজিক্যাল ফিটনেস টেস্ট, লিখিত পরীক্ষা এবং ডকুমেন্ট ভেরিফিকেশন -এর মাধ্যমে নিয়োগ করা হবে। আগ্রহী ও যোগ্য প্রার্থীরা ১৫.১১.২০২৫ থেকে ১৪.১২.২০২৫ তারিখের মধ্যে অফলাইনের মাধ্যমে আবেদন জমা দিতে পারবেন। আবেদনকারীকে জন্ম, শিক্ষাগত যোগ্যতা, ডোমিসাইল, চরিত্র ইত্যাদি সংক্রান্ত সকল মূল নথি এবং সত্যায়িত প্রতিলিপি সঙ্গে রাখতে হবে। বিস্তারিত তথ্যের জন্য Territorial Army-এর অফিসিয়াল ওয়েবসাইট territorialarmy.in।

### কারেন্ট অ্যাফেয়ার্স

- রাশিয়ার বিরুদ্ধে টমাইক (BGM-109) ক্ষেপণাস্ত্র ব্যবহার করবে না- আমেরিকা।
- আফগানিস্তানের মাজার-ই-শরিফে ঘটে যাওয়া শক্তিশালী ভূমিকম্পের মাত্রা ছিল- 6.3।
- দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে প্রথমবারের মতো মহিলা ODI বিশ্বকাপ জিতলো- ভারত।
- 3 নভেম্বর পালিত হয়- আন্তর্জাতিক জীবমন্ডল সংরক্ষণ দিবস।






# NABARD -এ গ্রেড-এ পদে নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** ন্যাশনাল ব্যাংক ফর এগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট (NABARD) তিনটি গুরুত্বপূর্ণ অফিসার গ্রেড-এ পদে, মোট ৯১টি শূন্যপদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই পদগুলির মধ্যে রয়েছে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কিং সার্ভিস), অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (লিগাল সার্ভিস) এবং অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (প্রটোকল অ্যান্ড সিকিউরিটি সার্ভিস)। আবেদনকারী প্রার্থীদের বয়স ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে এবং শিক্ষাগত যোগ্যতা হিসেবে যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রি (৬০% নম্বর), LLB, স্নাতকোত্তর ডিগ্রি, CA, CS, বা PG ডিপ্লোমা প্রয়োজন। তবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (প্রটোকল অ্যান্ড সিকিউরিটি সার্ভিস) পদের জন্য আর্মি/ নেভি/ এয়ার ফোর্সে ন্যূনতম ৫ বছরের পরিষেবা সহ কমিশনড অফিসার হওয়া বাধ্যতামূলক। গ্রেড এ স্কেল অনুসারে নিযুক্ত প্রার্থীদের মাসিক বেতন হবে ৪৪,৫০০ টাকা থেকে ৮৯,১৫০ টাকা। সাধারণ/ ওবিসি /ইডব্লিউএস শ্রেণীর প্রার্থীদের জন্য আবেদন মূল্য ৮৫০/- টাকা এবং এসসি/ এসটি/ পিডব্লিউবিডি শ্রেণীর জন্য ১৫০/- টাকা ধার্য করা হয়েছে। যোগ্য ও আগ্রহী প্রার্থীরা NABARD-এর অফিশিয়াল ওয়েবসাইট nabard.org-এ গিয়ে ৩০.১১.২০২৫ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে পারবেন।

# ইন্টেলিজেন্স ব্যুরোতে ২৫৮টি টেকনিক্যাল পদে নিয়োগ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** দেশের অন্যতম কেন্দ্রীয় নিরাপত্তা সংস্থা ইন্টেলিজেন্স ব্যুরো টেকনিক্যাল পদে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। ইন্টেলিজেন্স ব্যুরোর অ্যাসিস্ট্যান্ট সেন্ট্রাল ইন্টেলিজেন্স অফিসার গ্রেড-II/টেক (ACIO II/Tech) পদে ২৫৮ জন নিয়োগের জন্য প্রকাশিত হয়েছে এই বিজ্ঞপ্তি। বিজ্ঞপ্তিতে শুধুমাত্র কম্পিউটার সায়েন্স ও ইনফরমেশন টেকনোলজি (৯০টি) এবং ইলেকট্রনিক্স ও কমিউনিকেশন (১৬৮টি) দুটি পদের কথা উল্লেখ করা হয়েছে। এই পদের জন্য আবেদনকারীকে অবশ্যই GATE 2023, 2024, বা 2025-এ কোয়ালিফাইং কাট-অফ নম্বর থাকতে হবে। এর পাশাপাশি, ইলেকট্রনিক্স বা কম্পিউটার সায়েন্সের সংশ্লিষ্ট শাখায় B.E./ B.Tech বা M.Sc ডিগ্রি থাকা বাধ্যতামূলক। প্রার্থীর বয়স ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। নির্বাচিত প্রার্থীরা লেভেল ৭ পে ম্যাট্রিক্স অনুযায়ী আকর্ষণীয় বেতনের পাশাপাশি অন্যান্য সরকারি ভাতা পাবেন। প্রার্থীদের আবেদন করতে হবে শুধুমাত্র অনলাইনের মাধ্যমে মেন্টরশিপের অফিসিয়াল ওয়েবসাইট mha.gov.in অথবা ncs.gov.in-এ। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৬-১১-২০২৫। পুরুষ (সাধারণ/ ইডব্লিউএস ও ওবিসি) প্রার্থীদের জন্য মোট ২০০/- টাকা, অন্যান্য সকল প্রার্থীর জন্য কেবল ১০০/- টাকা।

## গুরু নানক দেবের ৫৫৬তম জন্মজয়ন্তী উদ্‌যাপন

৫ নভেম্বর সারা দেশজুড়ে শ্রদ্ধা ও ভক্তির সঙ্গে পালিত হল শিখ ধর্মের প্রথম গুরু গুরু নানক দেবজির ৫৫৬তম জন্মজয়ন্তী। এই দিনটি 'প্রকাশ উৎসব' বা 'গুরু পুরব' নামেও পরিচিত। প্রতি বছর এই উৎসবটি হিন্দু পঞ্জিকার কার্তিক মাসের পূর্ণিমা তিথিতে পালিত হয়, তাই তারিখটি প্রতি বছর পরিবর্তিত হয়।

উৎসবের সূচনা হয় তিন দিন আগে গুরু গ্রন্থ সাহিবের অখণ্ড পাঠ দিয়ে, যা টানা ৪৮ ঘণ্টা ধরে চলে। পূর্ণিমার আগের দিন রঙিন সাজে বের হয় নগর কীর্তন, যেখানে শিখ সম্প্রদায়ের মানুষ পতাকা, শোভাযাত্রা ও ভজন-সঙ্গীতের মাধ্যমে গুরু নানকের বাণী প্রচার করেন।

মূল দিনটিতে গুরুদোয়ারাগুলো আলোকসজ্জায় সেজে ওঠে। ভোরে বিশেষ প্রার্থনা ও কীর্তন অনুষ্ঠিত হয়। সকল ধর্মের মানুষকে আহ্বান জানিয়ে আয়োজিত হয় লঙ্গর, অর্থাৎ বিনামূল্যে সমবেত ভোজন, যা শিখ ধর্মের সমতা ও মানবসেবার আদর্শকে প্রতিফলিত করে।

## কারেন্ট অ্যাফেয়ার্স

- স্বাস্থ্য মন্ত্রণালয়ের 'স্বস্থ নারী, সশক্ত পরিবার' অভিযানের অধীনে গড়েছে- তিনটি গিনেস ওয়ার্ল্ড রেকর্ড।
- মাত্র 16 বছর বয়সে ভারতের 90 তম দাবা গ্র্যান্ড মাস্টার হলেন- চেন্নাইয়ের ইলামপার্থি এআর।
- ভারতের প্রথম বৈদ্যুতিক স্টিলথ অল-টেরেন ভেহিকেল হল- 'বীর'।
- IIT গুয়াহাটিতে উত্তর-পূর্ব বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাসটার এবং 635 কোটি টাকার প্রকল্পের উদ্বোধন করেছেন- কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া।
- এজেন্টিক কমার্স প্রটোকল (ACP) কে ChatGPT-তে একীভূত করার জন্য অংশীদারিত্ব করেছে- OpenAI এবং PayPal.
- বিশ্ব জেলিফিশ দিবস পালিত হয়- 3 নভেম্বর।
- সম্প্রতি ইউরোপের প্রথম ঐতিহ্যবাহী হিন্দু মন্দির পরিদর্শন করেছেন- রাজা তৃতীয় চার্লস এবং রানী ক্যামিলা।
- ভারতের 94তম রামসার সাইট হিসেবে তকমা পেয়েছে- বিহারের কাটিহার জেলার গোগাবিল হ্রদ।
- বৃষ্টিপাত ও বনভূমিযুক্ত মধ্য আমেরিকার দেশ কোস্টারিকাতে প্রথম শক্তিশালী চালের চালান রপ্তানি করেছে- ভারত।
- ICC মহিলা বিশ্বকাপ 2025 -এর সেরা দলে স্থান পেয়েছেন- স্মৃতি মান্ধানা, জেমিমা রড্রিগস এবং দীপ্তি শর্মা।
- 101 বছর বয়সে মারা গেলেন বিশ্বের সবচেয়ে বয়স্ক অলিম্পিক চ্যাম্পিয়ন- ফরাসি সাইক্লিস্ট চার্লস কস্ট।
- আমস্টারডামে অনুষ্ঠিত LFL 20 -এ তিউনিসিয়ার যোদ্ধা হাকিম ট্রাবেলসিকে পরাজিত করে ইউরোপের লেভেলস ফাইট লীগে জয়ী প্রথম ভারতীয় হন- সংগ্রাম সিং।
- ভুটানে অনুষ্ঠিত হয়েছে 2025 সালের- বিশ্ব শান্তি প্রার্থনা উৎসব।
- 2025 সালের বুকার পুরস্কারের জন্য সংক্ষিপ্ত তালিকাভুক্ত হয়েছেন- কিরণ দেশাই।
- ইন্টার-জোনাল T20তে উত্তর অঞ্চলের নেতৃত্ব দেবেন- শেফালী ভার্মা।
- বতসোয়ানা থেকে আটটি চিতার আরেকটি দল আনবে- ভারত।
- ফুটবলে অবদানের জন্য ইংল্যান্ডের প্রাক্তন অধিনায়ক ডেভিড বেকহ্যামকে নাইট উপাধি প্রদান করেন- রাজা চার্লস তৃতীয়।
- 2030 সালের মধ্যে ভারতের ইস্পাত উৎপাদন ক্ষমতার লক্ষমাত্রা হয়েছে- 30 কোটি টন।
- ভারত গ্লোবাল গ্রিন হাইড্রোজেন মিট আয়োজন করবে- 11 - 12 নভেম্বর।
- অক্টোবর, 2025 -এ UPI লেনদেন হয়েছে সর্বকালের সর্বোচ্চ- 27.28 লক্ষ কোটি টাকা।
- দুবাইতে প্রথম আন্তর্জাতিক সহোদয় সম্মেলনের আয়োজন করেছে- CBSC.
- কর্মীদের প্রতিভা সম্মান জানাতে 'SBI-STAR' চালু করেছে- SBI.

পরের পাতায়

# কারেন্ট অ্যাফেয়ার্স

- অলিম্পিক মিশন 2036 -এর জন্য ক্রীড়া সম্মেলন আয়োজন করেছে- ভারতীয় সেনাবাহিনী।
- কোচিতে SVL 'ইক্ষক' কমিশন করবে- ভারতীয় নৌবাহিনী।
- 97 বছর বয়সে মারা গেলেন উত্তর কোরিয়ার প্রাক্তন রাষ্ট্রপ্রধান- কিম ইয়ং ন্যাম।
- সতর্কতা সচেতনতা সপ্তাহ 2025 -এর থিম হলো- "Vigilance: Our Shared Responsibility."
- ভারতের QS World Ranking 2026 তালিকায় শীর্ষস্থানে রয়েছে- IIT দিল্লি।
- লখনউকে UNESCO'র সৃজনশীল শহর হিসেবে ঘোষণা করেছে- UCCN.
- 85 বছর বয়সে প্রয়াত হয়েছেন হিন্দুজা গ্রুপের চেয়ারম্যান- গোপীনাথ পি. হিন্দুজা।
- বিশ্বের প্রথম প্রজন্মের তামাক নিষিদ্ধকরণ কার্যকর করেছে- মালদ্বীপ।
- ফিলিপাইনে আঘাত হেনেছে ঘূর্ণিঝড়- কামায়েগির।
- উত্তর-পূর্বের সংস্কৃতিক সম্প্রীতিকে সম্মান জানিয়ে ভূপেন হাজারিকা পুরস্কার উপস্থাপন করেছেন- কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া।
- ডিজিটাল লাইফ সার্টিফিকেট (DLC) পরিষেবা প্রদানের জন্য EPFO -এর সাথে চুক্তি স্বাক্ষর করেছে- IPPB.
- 2025 সালের মহিলা বিশ্বকাপে সর্বোচ্চ রান সংগ্রাহক- লরা ওলভার্ড (571), স্মৃতি মান্ধানা (434), অ্যাশলে গার্ডনার (328), প্রতিকা রাওয়াল (308), ফোবি লিচফিল্ড (304)।
- 2025 সালের মহিলা বিশ্বকাপে সর্বোচ্চ উইকেট নিয়েছেন- দীপ্তি শর্মা (22 উইকেট), অ্যানাবেল সাদারল্যান্ড (17 উইকেট), সোফি একলেস্টোন (16 উইকেট), শ্রী চারানি (14 উইকেট), আলানা কিং (13 উইকেট)।
- প্রতিষ্ঠার 50 বছর উদযাপন করছে- কোল ইন্ডিয়া লিমিটেড।
- পরিচ্ছন্ন শিল্প প্রকল্প পাইপলাইনে বিশ্বব্যাপী ভারতের স্থান- তৃতীয়।
- দায়িত্বশীল উদ্ভাবনের জন্য AI গভর্নেন্সস নির্দেশিকা প্রকাশ করেছে- ভারত।
- 2025 সালে শান্তি ও নিরাপত্তার জন্য বিশ্বনেতা হিসেবে পুরস্কৃত হলেন- শ্রী শ্রী রবি শঙ্কর।
- অন্ধ্রপ্রদেশের গভর্নর এস আব্দুল নাজিরকে সম্মানসূচক ডক্টর অফ লজ ডিগ্রী প্রদান করেছে- KLSU.
- বিশ্বব্যাপী নেতৃত্বের জন্য এআই ইনোভেশন হাফ চালু করেছে- তেলেঙ্গানা।
- নীতি আয়োগের প্রতিবেদন অনুযায়ী 2030 চালের মধ্যে ভারতের জৈব অর্থনীতি হবে- 300 বিলিয়ন ডলার।
- 85 বছর বয়সে মারা গেলেন প্রবীণ মারাঠি অভিনেত্রী- দয়া ডংরে।
- আন্তর্জাতিক নির্বাচনী দর্শনার্থী কর্মসূচি 2025 চালু করেছে- ভারতীয় নির্বাচন কমিশন।
- প্রতিরক্ষা সহযোগিতা আরও গভীর করতে চুক্তি স্বাক্ষর করেছে- ভারত ও ইজরায়েল।
- মহাকাশে AI ডেটা সেন্টার পরীক্ষা করার জন্য সানক্যাচার প্রকল্প উন্মোচন করেছে- গুগল।
- ওয়ার্ল্ড কোঅপারেটিভ মনিটর 2025 -এ বিশ্বের এক নম্বর সমবায় হিসেবে স্থান পেয়েছে- Amul এবং IFFCO.

কলকাতার বুররাবাজার ও বিধাননগরের গুরুদোয়ারায়ও ছিল ভক্তদের উপচে পড়া ভিড়। শহরের বিভিন্ন স্থানে শোভাযাত্রা, প্রদীপ প্রজ্জ্বলন ও সেবামূলক কর্মসূচির মাধ্যমে পালিত হয় এই মহাউৎসব।

গুরু নানক দেবজি মানুষের মধ্যে ভ্রাতৃত্ব, সমতা ও এক ঈশ্বরের উপাসনার বাণী প্রচার করেছিলেন। তাঁর শিক্ষা আজও মানবজাতিকে শান্তি ও সহনশীলতার পথে চলতে অনুপ্রাণিত করে।

## RRB-তে ২৫৬৯টি জুনিয়র ইঞ্জিনিয়ার

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড সম্প্রতি জুনিয়র ইঞ্জিনিয়ার পদে ২৫৬৯টি শূন্যপদে নিয়োগের জন্য অফিসিয়াল বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা ডিপ্লোমা সম্পন্ন করা প্রার্থীদের জন্য এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ নিয়োগ প্রক্রিয়া। বিজ্ঞপ্তিতে জুনিয়র ইঞ্জিনিয়ার, ডিপো মেটেরিয়াল সুপারিনটেনডেন্ট এবং কেমিক্যাল অ্যান্ড মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট সহ বিভিন্ন পদের উল্লেখ রয়েছে। পদের জন্য আবেদন করতে হলে প্রার্থীকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় তিন বছরের ডিপ্লোমা অথবা B.E./ B.Tech ডিগ্রি সম্পন্ন করতে হবে। ০১.০১.২০২৬ তারিখ অনুযায়ী আবেদনকারীর বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। নির্বাচিত প্রার্থীদের লেভেল ৬ পে ম্যাট্রিক্স অনুযায়ী প্রাথমিক বেতন হবে ৩৫,৪০০ টাকা। আগ্রহী প্রার্থীরা ৩১ অক্টোবর, ২০২৫ তারিখ থেকে ৩০ নভেম্বর, ২০২৫ তারিখের মধ্যে RRB-এর অফিসিয়াল ওয়েবসাইট rrbguwahati.gov.in -এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবেন। নির্বাচন প্রক্রিয়া দুটি কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা (CBT-I ও CBT-II) এবং এরপর ডকুমেন্ট ভেরিফিকেশন ও মেডিক্যাল পরীক্ষার মাধ্যমে সম্পন্ন হবে। সাধারণ/ ওবিসি / ইডব্লিউএস পুরুষ প্রার্থীদের জন্য আবেদন ফি ৫০০/- টাকা এবং এসসি/ এসটি/ পিডব্লিউবিডি/ মহিলা/ প্রাক্তন সেনাকর্মী প্রার্থীদের জন্য ২৫০/- টাকা।



## সি.ভি. রমনের জন্মজয়ন্তী উদ্‌যাপন

৭ নভেম্বর পালিত হল ভারতের মহান বিজ্ঞানী স্যার চন্দ্রশেখর ভেঙ্কট রমন (সি.ভি. রমন)-এর জন্মজয়ন্তী। ১৮৮৮ সালের এই দিনে তামিলনাড়ুর ত্রিচিনোপলিতে তাঁর জন্ম হয়। তিনি ছিলেন এমন এক বিজ্ঞানী, যিনি আলোর প্রকৃতি ও তার আচরণ নিয়ে গবেষণার মাধ্যমে বিশ্ববিজ্ঞানে নতুন দিগন্ত উন্মোচন করেছিলেন।

রমনের সর্বাধিক বিখ্যাত আবিষ্কার হলো “রমন ইফেক্ট” বা আলোর বিকিরণ প্রভাব। তিনি প্রমাণ করেন যে, যখন আলো কোনো স্বচ্ছ পদার্থের মধ্য দিয়ে যায়, তখন তার একটি ক্ষুদ্র অংশের তরঙ্গদৈর্ঘ্য পরিবর্তিত হয়। এই আবিষ্কার আলোর কোয়ান্টাম প্রকৃতি ও অণুর গঠন সম্পর্কে নতুন ধারণা দেয়।

এই যুগান্তকারী গবেষণা তিনি সহকর্মী কে. এস. কৃষ্ণনের সঙ্গে ১৯২৮ সালে প্রকাশ করেন। এর জন্য ১৯৩০ সালে সি.ভি. রমন পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার অর্জন করেন। তিনি ছিলেন প্রথম এশীয় ও প্রথম অশ্বেতাঙ্গ ব্যক্তি, যিনি বিজ্ঞানের কোনো শাখায় নোবেল লাভ করেন।

রমনের গবেষণা আজও বিজ্ঞান জগতে সমান গুরুত্বপূর্ণ। তাঁর আবিষ্কৃত নীতির ভিত্তিতে আজ রমন স্পেকট্রোস্কোপি প্রযুক্তি ব্যবহৃত হয় রসায়ন, পদার্থবিজ্ঞান ও জীববিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে পদার্থ বিশ্লেষণের জন্য।

ভারতে প্রতিবছর ২৮ ফেব্রুয়ারি ‘জাতীয় বিজ্ঞান দিবস’ পালন করা হয় রমন ইফেক্টের আবিষ্কারের স্মরণে। সি.ভি. রমনের জীবন ও কর্ম আজও তরুণ বিজ্ঞানীদের অনুপ্রেরণা জোগায়, আর তাঁর অবদান ভারতের গর্ব হিসেবে স্মরণীয় হয়ে আছে।

## স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্যর স্কুলে ক্লার্ক ও গ্রুপ ‘ডি’র দরখাস্ত নেওয়া শুরু!

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্যের স্কুলে ক্লার্ক ও গ্রুপ ‘ডি’ পদে নতুন নিয়োগের আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন (WBSSC) এই নিয়োগের আয়োজন করছে। রাজ্যের বিভিন্ন সরকারি ও সরকার-সহায়তাপ্রাপ্ত স্কুলে শূন্য পদ পূরণের জন্য এই বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ক্লার্ক ও গ্রুপ ‘ডি’— দুই বিভাগে আলাদা আলাদা পদে নিয়োগ হবে। ক্লার্ক পদে প্রার্থীদের অবশ্যই উচ্চ মাধ্যমিক পাশ যোগ্যতা থাকতে হবে। গ্রুপ ‘ডি’ পদে আবেদন করতে ন্যূনতম মাধ্যমিক পাশ বা সমতুল্য যোগ্যতা প্রয়োজন। চাকরিপ্রার্থীদের বয়সসীমা ১৮ বছর থেকে ৪০ বছরের মধ্যে নির্ধারিত হয়েছে। তবে সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকার নির্ধারিত নিয়ম অনুযায়ী বয়সে ছাড় পাবেন। নিয়োগের ক্ষেত্রে লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকারের মাধ্যমে চূড়ান্ত বাছাই করা হবে। লিখিত পরীক্ষায় প্রার্থীদের সাধারণ জ্ঞান, ইংরেজি, অঙ্ক ও বর্তমান তথ্য বিষয়ে প্রশ্ন থাকবে। আবেদনের সম্পূর্ণ প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন করতে হবে। WBSSC-এর অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে আবেদন ফর্ম পূরণ করে জমা দিতে হবে। আবেদন শুরুর তারিখ শিগগিরই ওয়েবসাইটে প্রকাশিত হবে। সম্ভাব্যভাবে নভেম্বর মাসের মধ্যেই আবেদন শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে। প্রার্থীদের ফি অনলাইনের মাধ্যমেই প্রদান করতে হবে— ডেবিট/ক্রেডিট কার্ড বা নেটব্যাংকিং ব্যবহার করে। ফর্ম জমা দেওয়ার পর প্রার্থীদের প্রিন্ট কপি সংরক্ষণ করে রাখতে হবে। সফল প্রার্থীদের মেধাতালিকা প্রকাশের পর স্কুলভিত্তিক নিয়োগ প্রক্রিয়া শুরু হবে।





